



AKASHVANI SILCHAR

REGIONAL NEWS UNIT

MORNING NEWS BULLETIN

BENGALI

DATE: 7 October 2026

TIME: 7:35 AM

শিলচর শহরকে পৌর নিগমে উন্নীত করার পর প্রথমবার নিগম গঠনের জন্য অনুষ্ঠিত নির্বাচনে ভারতীয় জনতা পার্টি নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা পেয়েছে। ১ নম্বর ওয়ার্ডে নির্দল হাসিম উদ্দিন বড়ভুইয়া, ২ নম্বর ওয়ার্ডে বিজেপির সৌরভ নাথ, ৩ নম্বর ওয়ার্ডে বিজেপির ডলি রানি দাস, ৪ নম্বর ওয়ার্ডে বিজেপির শিবানি রানি দাস

৫ নম্বর ওয়ার্ডে বিজেপি প্রার্থী দীপক দাস, ৬ নম্বর ওয়ার্ডে বিজেপির কাঞ্চন দেব, ৭ নম্বর ওয়ার্ডে বিজেপির রাধারানি রবিদাস, ৮ নম্বর ওয়ার্ডে বিজেপির মহিতোষ মন্ডল, ১০ নম্বর ওয়ার্ডে বিজেপির সন্ধ্যা দাস, ১১ নম্বর ওয়ার্ডে বিজেপির অভিষেক চক্রবর্তী, ১২ নম্বরে বিজেপির রানু দাস, ১৩ নম্বর ওয়ার্ডে বিজেপি প্রার্থী প্রদ্যুৎ কুমার পাল, ১৪ নম্বরে বিজেপির প্রতিক্ষা দেব, ১৫ নম্বর ওয়ার্ডে বিজেপি প্রার্থী পাপলি কর্মকার, ১৭ নম্বর ওয়ার্ডে বিজেপি প্রার্থী আতাউর রহমান, ২১ নম্বর ওয়ার্ডে বিজেপির সুমনা দাস, ২৩ নম্বর ওয়ার্ডে বিজেপির চন্দ্রিমা দেব, ২৬ নম্বর ওয়ার্ডে অসম গণ পরিষদের প্রার্থী সাবিনা ইয়াসমিন বরভুইয়া, ৩১ নম্বর ওয়ার্ডে বিজেপির কুলদীপ নেহাল চৌধুরী

, ৩৪ নম্বর ওয়ার্ডে বিজেপির চৈতালী সাখ্য দেব , ৩৬ নম্বর ওয়ার্ডে বিজেপির সুমিতা পুরকায়স্থ , ৪০ নম্বর ওয়ার্ডে বিজেপির পান্ডুদীপ রায় , ৩৯ নম্বর ওয়ার্ডে উত্তম কুমার গোয়ালা জয়লাভ করেছেন ।

২২ নম্বর ওয়ার্ডে বিজেপি প্রার্থী পারমিতা চন্দ গুপ্ত , ৩২ নম্বর ওয়ার্ডে বিজেপির মৃণালিনি সিনহা জয়লাভ করেছেন । ১৯ নম্বর ওয়ার্ডে নির্দল প্রার্থী ধুবজ্যোতি দাস , ৪২ নম্বর ওয়ার্ডে নির্দল প্রার্থী বিশ্বতোষ নাগ বিজয়ী হয়েছেন ২৯ নম্বর ওয়ার্ডে নির্দল প্রার্থী শম্পা দেবরায় ধর , ৩০ নম্বর ওয়ার্ডে কংগ্রেস প্রার্থী সাক্ষি বনিক বিজয়ী হয়েছেন ।

, ১৩ নম্বরে বিজেপির প্রদ্যোৎ কুমার পাল , ১৪ নম্বর ওয়ার্ডে বিজেপির প্রতিক্ষা দেব , ১৬ নম্বর ওয়ার্ডে অগপর মীলা খান , ১৮ নম্বরে বিজেপির জয় দাস , ২৭ নম্বরে বিজেপির পুলক দাস , ২৮ নম্বর ওয়ার্ডে বিজেপির অনুশ্রী ভট্টাচার্য , ৩৩ নম্বরে বিজেপির রাজশ্রী রায় , ৩৭ নম্বরে বিজেপির অমরেন্দ্র কুমার পাল , ৩৮ নম্বরে বিজেপির শঙ্কর বসু , ৪১ নম্বর ওয়ার্ডে কংগ্রেস প্রার্থী রাজশ্রী গোয়ালা জয়লাভ করেছেন ।

.....

নগাঁও লোকসভা আসনের উপনির্বাচনের ভোটগ্রহণ আজ শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয়েছে । বিকেল পাঁচটা পর্যন্ত পাওয়া তথ্য অনুযায়ী ৭৬ শতাংশ ভোট পড়েছে । সামগ্রিতে সর্বাধিক ৮০ দশমিক ২-২ শতাংশ ভোট পড়েছে । নগাঁও লোকসভা কেন্দ্রের অন্তর্গত নগাঁও জেলার মোট ১ হাজার ৩৩৯ টি ভোটকেন্দ্র এবং মরিগাও জেলার ৩ টি ভোটগ্রহণ কেন্দ্রে সকাল সাতটা থেকে সুষ্ঠুভাবে ভোটগ্রহণ সম্পন্ন হয়েছে । বিজেপি

মিত্রজ্যোঁটের প্রার্থী দেবানীষ শর্মা মরিগাও জেলার মায়ং উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের ১৬ নম্বর ভোটকেন্দ্রে তাঁর গণতান্ত্রিক অধিকার সাব্যস্ত করেন। অনুরূপভাবে ঐ আসনের কংগ্রেস প্রার্থী শিবামণি বরা মাজগাঁও উচ্চ বুনিয়াদি বিদ্যালয়ে ভোটদান করেন। আগামী শুক্রবার এই আসনের ভোট গণনা করা হবে।

.....

হস্ততাঁত ও বস্ত্রশিল্প সঞ্চালকালয়ের উদ্যোগে শূয়ালকুচিতে আজ মেগা হ্যান্ডলুম ক্লাস্টারের উদ্বোধন করা হয়েছে। রাজ্যের হস্ততাঁত, বস্ত্রশিল্প ও রেশম বিভাগের মন্ত্রী বিশ্বজিৎ দৈমারী এই প্রকল্পের উদ্বোধন করেছেন। উল্লেখ্য- হস্ততাঁত ও বস্ত্রশিল্প সঞ্চালকালয়ের উন্নয়নমূলক কর্মসূচির আওতায় কেন্দ্রীয় সরকারের ২৯ কোটি এবং রাজ্য সরকারের তিন কোটি সহ মোট ৩২ কোটি টাকা ব্যয়সাপেক্ষে প্রকল্পটি রূপায়ণ করা হয়েছে।

বাইট

শ্রীভূমি জেলা প্রশাসনের পক্ষ থেকে সড়ক নিরাপত্তা সুনিশ্চিত করা এবং দু চাকার যানবাহন চালকদের জীবন রক্ষার উদ্দেশ্যে সমগ্র জেলা জুড়ে নো হেলমেট- নো ফুয়েল নীতি কঠোরভাবে বাস্তবায়ন সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। গত তেসোরা অক্টোবর শ্রীভূমি জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে অতিরিক্ত আয়ুক্ত এল খিৎতের পৌরহিত্যে আয়োজিত সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়। শ্রীভূমি জেলা প্রশাসন, পুলিশ প্রশাসন, পরিবহন বিভাগ এবং সমস্ত পেট্রল পাম্প মালিকদের যৌথ উদ্যোগে এই সিদ্ধান্ত বাস্তবায়িত করা হবে। সভায় জেলার সবকটি পেট্রল পাম্প নো হেলমেট-নো ফুয়েল লেখা সাইন বোর্ড প্রদর্শন করতে বলা হয়েছে। শ্রীভূমি জেলা প্রশাসন থেকে জেলার

সব নাগরিক , দু চাকার যান চালক ও পেট্রল পাম্প মালিকদের এই নিয়ম মেনে চলতে আহ্বান জানানো হয়েছে ।

শ্রীভূমি জেলা প্রশাসনের উদ্যোগে আজ শ্রীভূমি শহরে বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে সেবা জ্যোতি কলশ যাত্রা অনুষ্ঠিত হবে । আজ সকাল সাড়ে নটায় অংশগ্রহনকারীরা নির্ধারিত স্থান থেকে কলশ নিয়ে নীলমনি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে পৌছবেন । সেখানে বড় পর্দায় প্রধানমন্ত্রী ও মুখ্যমন্ত্রীর ভাষন সরাসরি দেখানো হবে । জেলা প্রশাসন থেকে সর্বস্তরের জনগনকে এই অনুষ্ঠানে অংশ নিতে আহ্বান জানানো হয়েছে ।
